ঝিনাইদহে কথন সাংস্কৃতিক সংসদ-কসাসের আয়োজনে আলোচনা সভা ও কবিতা পাঠ

জয় বাংলা ইয়ুথ এওয়ার্ড প্রাপ্ত সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন ঝিনাইদহের কথন সাংস্কৃতিক সংসদ – কসাসের আয়োজনে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে রবিবার সকাল ৯ টায় বঙ্গবন্ধুর মোরালে পুষ্পস্তবক অর্পণ পর ঝিনাইদহ পৌর ইকোপার্ক সংলগ্ন দেবদারু এভিনিউ চত্ত্বরে তরুণ সাংস্কৃতিক কর্মীদের উপস্থিতিতে কবিতা পাঠ ও আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত হয়ে বক্তব্য প্রদান করেন
কথন সাংস্কৃতিক সংসদ সসাস এর সাবেক সহ-সভাপতি সফিকুল ইসলাম জুয়েল, সভাপতি অন্তর মাহমুদ, সহ সভাপতি রাসেল আহমেদ শুভ, সহ-সাধারণ সম্পাদক ইসরাত জাহান মৌ, সাংগঠনিক সম্পাদক ফিরোজ মিয়া সহ অন্যান্য কর্মীবৃন্দ। আলোচনা সভা পরবর্তীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে কবিতা পাঠের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

ঝিনাইদহে হোমিওপ্যাথিক এসোসিয়েশনের আয়োজনে আলোচনা সভা ও দোয়া মাহফিল

জাতীয় শোক দিবস উপলক্ষে ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশন এর আয়োজনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত।ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশনের আয়োজনে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে রবিবার সকাল ১০ টায় বঙ্গবন্ধুর মোরালে পুষ্পস্তবক অর্পণ পর স্টেডিয়াম সংলগ্ন জেলা হোমিওপ্যাথিক কার্যালয়ে সকল হোমিওপ্যাথিক ডাক্তারদের উপস্থিতিতে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। আলোচনা সভায় বক্তব্য রাখেন

ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ডা বসির আহমেদ,ডা নাজের আলী,ডা নুরুল ইসলাম, ডা সেলিনা রহমান বিউটি,ডা নাজমুল ইসলাম সহ অন্যান্য ডাক্তার বৃন্দ। আলোচনা শেষে দোয়া মাহফিল পরিচালনা করেন ডা আনোয়ার হোসেন।

সীমিত পরিসরে মুজিবনগরে শোক দিবস পালন

করোনা মহামারির কারনে মুজিবনগরে সীমিত পরিসরে স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

রবিবার সকালে শাহাদত বার্ষিকী উপলক্ষে মুজিবনগর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

দিবসটি উপলক্ষে রবিবার সকাল সাড়ে ৮টায় মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মতিৃ কমপ্লেক্স এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি)আব্দুল হাশেম ও পুলিশ পরিদর্শক(তদন্ত)শরিফুল ইসলাম। এরপর মুজিবনগর টুরিষ্ট পুলিশ, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ,উপজেলা আওয়ামীলীগ, উপজেলা ছাত্রলীগসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পন করেন।

এ সময় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস,সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু,মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারী বকুলসহ বিভিন্ন নেতাকর্মিরা উপস্থিত ছিলেন।

জাতির জনক বঙ্গবন্ধু প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন শেষে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে মুজিবনগর উপজেলা মিলনয়াতনে জাতির জনক বঙ্গবন্ধুর জীবনির উপর আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে ভুঁইফোড় সংগঠনগুলোর অস্তিত্ব থাকলেও কার্যক্রম স্থবির

বাংলাদেশ আওয়ামী লীগ ও বঙ্গবন্ধুর পরিবারের সদস্যদের নাম ব্যবহার করে দেশের বিভিন্ন স্থানের মতো মেহেরপুরেও গড়ে ওঠেছে বেশ কিছু ভুঁইফোড় সংগঠন। বিভিন্ন দিবস ভিত্তিক অনুষ্ঠান ও ফেসবুক ব্যবহার করে রাজনৈতিক কর্মকাণ্ড করতেন ওই সংগঠনগুলোর নেতাকর্মীরা। তাদের বিরুদ্ধে চাঁদাবাজি, দলবাজি, দখলবাজি, সালিস সহ বিভিন্ন অপরাধমূলক অভিযোগ পাওয়া যেত। তবে বর্তমানের তাদের অস্তিত্ব থাকলেও কোন কর্মসূচী দেখা যায় না। তবে জেলা আওয়ামী লীগের শীর্ষ নেতারা বলছেন ভুঁইফোড় কোন সংগঠন মেহেরপুরে রাখা হবে না।
জানা গেছে, সংগঠনগুলো নিজেদের আওয়ামী লীগের অঙ্গ কিংবা সহযোগী সংগঠন দাবি করে প্রচারণায় দলটির কেন্দ্রীয় কার্যালয়ের ঠিকানা ব্যবহার করছে। ২০১৫ সালের পর থেকে ১০১৮ সাল পর্যন্ত মেহেরপুরে বিভিন্ন ভুঁইফোড় সংগঠনগুলো বিভিন্ন দিবসভিত্তিক কর্মসূচী পালন করে। ওই সকল কর্মসূচীতে জেলা ও উপজেলা আওয়ামী লীগের শীর্ষ নেতাদের অতিথি হিসেবে উপস্থিত থাকতেও দেখা গেছে। ওই সময় বেশ কিছু সংগঠনের বিরুদ্ধে চাঁদাবাজি, দখলবাজীসহ বিভিন্ন অভিযোগও পাওয়া গেছে। ভুঁইফোড় সংগঠনের কেন্দ্রীয় নেতাদের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ কারণে কেন্দ্রীয় আওয়ামী লীগ বিব্রত। যে কারণে ২০০৯ সালের পর থেকে যে সকল সংগঠন হয়েছে ওই গুলোকে ভুঁইফোড় বলে আখ্যায়িত করেছে আওয়ামী লীগ এবং ওই সকল সংগঠন গুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে।
বাংলাদেশ আওয়ামী লীগের গঠনতন্ত্র অনুযায়ী মহিলা আওয়ামী লীগ, আওয়ামী যুবলীগ, আওয়ামী যুব মহিলা লীগ, কৃষক লীগ, স্বেচ্ছাসেবক

লীগ, আওয়ামী আইনজীবী পরিষদ, তাঁতী লীগ । ভ্রাতৃপ্রতিম সংগঠন দুটি হলো বাংলাদেশ ছাত্রলীগ, শ্রমিক লীগ।
এর বাইরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বা তাঁর পরিবারের সদস্যদের নামে কোনো সংগঠন করতে হলে ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট’–এর অনুমোদন নিতে হয়। এ ছাড়া মুক্তিযোদ্ধাসংক্রান্ত সংগঠনের ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা) অনুমোদন দিয়ে থাকে। কিন্তু ভুঁইফোড় সংগঠনগুলো অনুমোদনের ধার ধারে না।
২০০৯ সালের পর গঠন করা সংগঠনগুলোকে ভুঁইফোড় সংগঠন বলা হচ্ছে। বর্তমানে ভুঁইফোড় সংগঠনের মধ্যে মেহেরপুরে মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগ, সজীব ওয়াজেদ জয় পরিষদ, বাংলাদেশ আওয়ামী বাস্তহারা লীগ, বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগ, বঙ্গবন্ধু সৈনিক লীগ, আওয়ামী যুব প্রজন্ম লীগ, নবীন লীগ নামের ৭টি সংগঠন থাকলেও বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগ, বঙ্গবন্ধু সৈনিক লীগ ছাড়া বাকী সংগঠনগুলোর কোন অস্তিত্ব পাওয়া যায়নি। তবে বিগত দিনে এসকল সংগঠনের কার্যক্রম চলমান ছিলো বলে জানা গেছে। জানা গেছে, বাকী সংগঠনগুলো শুধুমাত্র কমিটিতেই সীমাবদ্ধ। তাদের দলীয় কার্য্যলয় বা কর্মকাণ্ড নেই।

মেহেরপুর জেলা আওয়ামী বাস্তহারা লীগের সাবেক সভাপতি ফিরোজ আহমেদ বলেন, গত ৪ বছর হলো আমি সভাপতির পদ থেকে অব্যাহতি নিয়েছি। আমি আর কিছুই জানিনা। আমি সভাপতি হবার পর কিছু দলীয় কার্যক্রম করা হলেও বর্তমানে দলের কোন কার্যক্রম নেই। আনুমানিক গত আট-দশ বছর আগে মেহেরপুর জেলা আওয়ামী বাস্তহারা লীগের কমিটির অনুমোদন হয়।

বঙ্গবন্ধু সৈনিক লীগের সাধারণ সম্পাদক তরুণ আহমেদ বলেন, ২০২০ সালের ৯ নভেম্বর বঙ্গবন্ধু সৈনিক লীগের মেহেরপুর জেলা কমিটি গঠন করা হয়। করোনা পরিস্থিতে দলীয় কার্যক্রম বন্ধ আছে। তাছাড়া কেন্দ্র থেকে যখন যেভাবে নির্দেশনা আসে আমরা সেই অনুযায়ী কর্মসূচি পালন করি। সভাপতি ও আমি ব্যক্তিগত টাকা দিয়ে সংগঠনের খরচ বহন করি।

তরিকুল ইসলাম বলেন, কেন্দ্র থেকে যখন যেমন নির্দেশনা আসে সেই অনুযায়ী জেলা কমিটি তার কার্যক্রম করে। আমরা জেলা কমিটির সদস্যদের সাথে মাসিক চাঁদা তুলে সংগঠনের খরচ বহন করি। সদস্যগণ তাদের সামর্থ্য অনুযায়ী প্রতি মাসে যার যতটুকু সম্ভব হয় চাঁদা প্রদান করে। বর্তমানে আমাদের কোন দলীয় কার্যালয় নেই। চলতি বছরের ২২ মার্চ কমিটি গঠন হয়। আমাদের

কেন্দ্রীয় সভাপতি হচ্ছেন আসাদুজ্জামান দূর্জয়। গত কয়েকদিন আগেও আমরা কেন্দ্র থেকে আগষ্ট মাসে বিভিন্ন অনুষ্ঠান পালনের একটি নির্দেশনাও পেয়েছি।

আওয়ামী যুব প্রজন্মলীগের সভাপতি জাহিদ হাসান জানান, আমারা জেলা কমিটি পেয়েছি গত বছরের ১৮ নভেম্বর। দলের তেমন কোন কার্যক্রম করতে পারিনি। যদিও জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কমিটি দেওয়ার কথা ছিল কিন্তু করোনা মহামারীর কারণে কোন কিছুই হয়নি। আর দলের কার্যক্রম শুরু না হওয়ায় তেমন কোন অর্থের প্রয়োজন পড়েনি।

সজীব ওয়াজেদ জয় পরিষদ এর সভাপতি আব্দুল্লাহ আল মামুন এর সাথে যোগাযোগ করার চেষ্টা করলে তার ফোন বন্ধ পাওয়া যায়।

মেহেরপুর জেলা নবীন লীগের সভাপতি মিজান জানান, বর্তমানে আমাদের দলীয় কার্য্যালয় নেই। সম্প্রতি কেন্দ্র থেকে কমিটি দিয়েছে। আমাদের কেন্দ্রীয় সভাপতির নাম লুৎফর রহমান। চলতি বছরের ৩ জুন মেহেরপুর জেলা কমিটি গঠন করা হয়েছে।

এবিষয়ে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক মেহেরপুর প্রতিদিনকে জানান, আওয়ামী লীগের সহযোগী ভ্রাতৃপ্রতিম সংগঠন ছাড়া ভুঁইফোড় সংগঠনগুলো বিভিন্ন অনুষ্ঠান করলে আমাদের অতিথি হিসেবে দাওয়াত করে। আমরা তাদের অনুষ্ঠানের যাই না। তবে একসময় ওই সকল সংগঠনের অনুষ্ঠানের নেতারা গিয়েছেন। তখন তাদের প্রতি এতো এলার্জি ছিলো না। তিনি বলেন, এখন আর মেহেরপুরে কোন ভুঁইফোড় সংগঠন রাখা হবে। কেন্দ্র নির্দেশ দিলেও আমরা এগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া শুরু করবো।

১৫ ই আগষ্ট পালন উপলক্ষ্যে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের

প্রস্তুতি সভা

মুজিবনগরে ১৫ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তুতি সভা করেছে উপজেলা আওয়ামীলীগ। মঙ্গলবার বেলা সাড়ে ১২ টার দিকে উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস সভাপতিত্বে ১৫ই আগষ্টের প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন।

এছাড়াও মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রেজাউল রহমান (নান্নু), সাধারণ সম্পাদক আব্দুর রশিদ (বল্টু), মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জামাত আলী, বাগোয়ান ইউনিয়নের আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক এবং বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সিনিয়র যুগ্ম সম্পাদক মাহবুব আলম, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুর রহমান মুংলা, সাধারণ সম্পাদক বাবুল মল্লিক, ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম ঝুটিকা, সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সুজিত মন্ডল, সাধারণ সম্পাদক দানিয়েল মোল্লা, উপজেলা কাঁচা মাল ব্যাবসায়ী কমিটির সভাপতি সোহেল রানা, মোনাখালি ইউনিয়ন ১নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান (সোনা), দারিয়াপুর ইউনিয়ন ৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ইয়ামিন আলী, বাগোয়ান ইউনিয়ন ৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক কামাল উদ্দিন,ওয়ার্ড সদস্য আনোয়ারুল ইসলাম, শংকর বিশ্বাস প্রমূখ উপস্থিত ছিলেন।

উপজেলা আওয়ামীলীগের কর্মসূচিতে ১৫ই আগষ্ট সকালে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের ব্যানারে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, র্ ◌্যালি এবং উপজেলার কেদারগঞ্জ বাজারে আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে জাতির জনক ও তার পরিবার এবং সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মিলাদ মহফিল।

গাংনী উপজেলা আওয়ামীলীগের আয়োজনে বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছার জন্ম দিন পালন

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯১ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল করেছে গাংনী উপজেলা আওয়ামীলীগ।
রবিবার সকালে উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা। প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর -২ গাংনী আসনের সংসদ সদস্য জনাব মোঃ সাহিদুজ্জামান খোকন এমপি। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, এম পি পত্নি লাইলা আনজুমান বানু উপজেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক নাজমুল হুদা বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাষ্টার, কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহাম্মেদ।

সভায় বঙ্গবন্ধুর নেতৃত্বে দীর্ঘ লড়াই সংগ্রামের মধ্য দিয়ে স্বাধীনতা লাভের নেপথ্যে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছার প্রেরণা তুলে ধরা হয়। পরে তার আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও কেক কাটা হয়। দোয়া পরিচালনা করেন সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। অনুষ্ঠানে আওয়ামীলীগ সহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধা

শহীদ ক্যাপটেন শেখ কামালে ৭২ তম জন্মদিন পালন

মেহেরপুরের মুজিবনগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জোষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭২ তম জন্মবার্ষিকী যথাযথ মর্যাদার সহিত স্বাস্হবিধি মেনে পালন করা হয়েছে।
উপজেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টার সময় উপজেলা পরিষদ চত্তরে স্হাপিত শেখ কামালের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী অর্পন করা হয়।
মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে পুষ্পমাল্য অর্পন করেন উপজেলা প্রশাসন,এর পর মুজিবনগর থানা ইনচার্য (ওসি) আব্দুল হাশেমের নেতৃত্বে মুজিবনগর থানা পুলিশ,উপজেলার বীর মুক্তিযোদ্ধা বৃন্দ,উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দীন বিশ্বাসের নেতুত্বে উপজেলা আওয়ামীলীগ,সুশিল সমাজ,বিশিষ্ট ব্যাক্তিবর্গ,সরকারী বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শ্রদ্ধাঞ্জলী অর্পন করেন।শ্রদ্ধাঞ্জলী শেষে জাতির জনকের পরিবারের মাগফিরাত ও শান্তি কামনায় দোয়া করা হয়।
দোয়া মাহফিল শেষে উপজেলা অডিটরিয়ামে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭২ তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা পরিষদের দিন ব্যাপি আয়োজনের মধ্য বাদ জোহর মসজিদে মসজিদে কোরান খতম ও দোয়া মাহফিল অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনা, উপজেলা যুব উন্নয়ন কর্তৃক গাছের চারা বিতরণ ও ফুটবল খেলার আয়োজন করা হয়েছে।

গাংনীতে বীর মুক্তিযোদ্ধা

শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মদিন পালিত

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জৈষ্ঠ্য পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা করেছে মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসন। আজ বৃহষ্পতিবার সকালে উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, বিশেষ অতিথী ছিলেন সাবেক সাংসদ বীরমুক্তিযোদ্ধা মকবুল হোসেন, পৌরমেয়র আহম্মেদ আলী, সহকারী কমিশনার(ভূমি) নাজমুল আলম। বক্তারা বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের আত্মার মাগফেরাত কামনা করেন । এসময় সাবেক মুক্তি যোদ্ধা কমান্ডার মুন্তাজ আলী,সাবেক উপজেলা চেয়ারম্যান একেএম শফিকুল আলম,উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন,সাধারণ সম্পাদক মোঃ শফি কামাল পলাশ উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানে সরকারী বেসরকারী অফিসের কর্মকর্তা কর্মচারী, রাজনৈতিক নের্তৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগর উপজেলা আওয়ামীলিগের আয়োজনে ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মদিন পালন

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দীন বিশ্বাসের নেতৃত্বে কেক কেটে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জোষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭২ তম জন্মবার্ষিকী পালন করেছে উপজেলা আওয়ামীলীগ।
বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে কেদারগঞ্জ বাজারের উপজেলা

আওয়ামীলীগের কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়। উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দীন বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্হিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের (সাবেক) সাধারণ সম্পাদক ও উপজেলা ভাইস চেয়ামম্যান আলহাজ্ব রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রেজাউর রহমান (নান্নু) সম্পাদক আব্দুরর রহমান (বল্টু), বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের (সাবেক)সাধারণ সম্পাদক ও কেদারগন্জ বাজার ব্যাবসায়ী কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক,বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুর রহমান মুংলা,সম্পাদক বাবুল মল্লিক,ইউপি সদস্য আনারুল ইসলাম,শংকর বিশ্বাসসহ আওয়ামীলীগ,যুবলীগ, সেচ্ছাসেবকলীগ,ছাত্রলীগে নেতা কর্মীবৃন্দ।
আলোচনা সভা শেষে জাতির জনকের পরিবারের মাগফিরাত ও শান্তিরকামনা করে দোয়া করা হয় এবং কেক কেটে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭২ তম জন্মবার্ষিকী পারন করা হয়।

দর্শনায় প্রতারণার ফাঁদে পড়ে আ.লীগের সাধারণ সম্পাদক খোয়ালেন ৭ লাখ টাকা গ্রেফতার-১

ফেসবুকে পরিচয় তারপর বন্ধুত্ব। শুরু হয় কুশল বিনিময়। একপর্যায় প্রতারণার ফাঁদে পড়ে ৭ লাখ ৩০ হাজার টাকা খোয়ালেন দামুড়হুদা উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান মঞ্জু। প্রতারক চক্রের বিরুদ্ধে মামলা করলে পুলিশ ওই চক্রের একজন সদস্যকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করেছে। গ্রেফতাকৃতকে জিজ্ঞাসাবাদের রিমাণ্ডে আনার প্রক্রিয়া শুরু করেছে মামলার তদন্তকারি অফিসার। মামলার এজাহার সূত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন দর্শনা ইসলাম বাজার পাড়ার শহীদ মহাসিন আলীর ছেলে সাবেক জেলা পরিষদের প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক

মাহফুজুর রহমান মঞ্জুর সাথে ফেসবুকের ফেক আইডির মাধ্যমে বন্ধুত্ব গড়ে ওঠে গাজীপুর জেলার কালিগঞ্জ থানার মৈসাদান গ্রামের আবু সায়েদের ছেলে ছরফুদ্দিনের (৪৫) সাথে। চলতে থাকে মেসেস আদান প্রদান। একপর্যায় প্রতারক ছরফুদ্দিন নিজেকে সেনা কর্মকর্তা পরিচয় দেয় এবং সিরয়ির রাজধানী দামেস্কোতে কর্মরত আছে। বন্ধু হিসাবে কিছু উপহার সামগ্রী পাঠাতে চাই। যে কথা সেই বিমান বন্দর কাস্টমস থেকে একটি ফোন আসে মাহফুজুর রহমান মঞ্জুর কাছে। আপনার নামে সিরিয়া থেকে একটি পার্সেল এসেছে ছাড় করে নিয়ে যান। ছাড় করতে ৪৫ হাজার টাকা লাগবে। যতক্ষণে তিনি বুঝতে পারছেন প্রতারকচক্রের ফাঁদে পেড়েছেন, ততক্ষণে ৭ লাখ ৩০ হাজার টাকা বিভিন্ন ব্যাংকের মাধ্যমে খুয়ে ফেলেছেন। এ ঘটনায় মাহফুজুর রহমান মঞ্জু ৫/০৯/২০২০ তারিখে ছরফুদ্দিনের নাম উল্লেখ করে অজ্ঞাত ২/৩ জনকে আসামী করে দর্শনা থানায় একটি প্রতারণার মামলার এজাহার দায়ের করেন। মামলা দায়েরের ৯ মাস ২৪ দিনের মাথায় ঘটনার সাথে জড়িত সন্দেহে মামলার তদন্তকারি অফিসার দর্শনা থানার এসআই আব্দুর রহমান গত ২৯ জুন ঢাকা থেকে সইফুর রহমান মিঠু নামের একজনকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত মিঠুকে ৩১ জুন আদালতে সোপর্দ করে পুলিশ। মামলার তদন্তকারি কর্মকর্তা আব্দুর রহমান বলেন, মিঠুকে রিমাণ্ডে এনে জিজ্ঞাসাবাদ করলে প্রতারক চক্রের বাকি সদস্যদের আইনের আওতায় আনা যাবে। তবে বিষয়টি নিয়ে জনমনে নানা প্রশ্ন ঘুরপাক খাচ্ছে।